বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ
www.bgfcl.gov.bd

**২৩ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১০৮তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ আব্দুল জলিল প্রামানিক<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | **২৩ মে ২০২৬** |
| সভার সময় | **সকাল ১১.০০ ঘটিকা** |
| স্থান | **বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া** |
| উপস্থিতি | **তালিকা সংযুক্ত** |

সভার সভাপতি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক বোর্ড রুমে উপস্থিত এবং অনলাইনে অংশগ্রহণকারী সকলকে মে, ২৬ মাসের/১০৮তম সমন্বয় সভায় স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/কোম্পানি সচিব, অতিরিক্ত দায়িত্ব-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার আহ্বান জানান। কোম্পানি সচিব সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

সভায় সর্বসম্মতিক্রমে গত ২৭ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১০৭তম সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.০। | **অপারেশন ডিভিশন:** | | | |
| ৩.১। | ফিল্ডসমূহের সার্বিক কার্যক্রম। | **ক) তিতাস ফিল্ড:**<br>মহাব্যবস্থাপক (অপারেশন) সভাকে অবহিত করেন যে, কোম্পানির গ্যাস সরবরাহের সকল কাস্টডি ট্রান্সফার মিটারে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক ১০টি ফ্লো-কম্পিউটার ইন্সটলেশন সম্পন্ন করে টেস্ট রিপোর্ট প্রিন্ট নেয়া হয়েছে। জুন'২৬ মাসের মধ্যে কোম্পানির সকল ফিল্ডের সর্বমোট ১৩টি ফ্লো-কম্পিউটার ইনস্টলেশন কাজ সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। | কোম্পানির গ্যাস সরবরাহের সকল কাস্টডি ট্রান্সফার মিটারসমূহে ফ্লো-কম্পিউটার ইন্সটলেশন কার্যক্রম জুন, ২০২৬ মাসের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) ও সকল ফিল্ড ইনচার্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **খ) হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ড:** সভাকে অবহিত করা হয় যে, হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ফিল্ডে বিদ্যমান এবং তিতাস-সি তে রাখা (ডিএলও-এর) সর্বমোট ৮টি পরিত্যক্ত টেলি-কমিউনিকেশন টাওয়ার এবং ব্রাহ্মণবাড়িয়াস্থ গোকর্ণ ঘাটে অবস্থিত ১টি অব্যবহৃত কনডেনসেট স্টোরেজ ট্যাংক 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে অনুমিত বিক্রয়মূল্য নির্ধারণের নিমিত্ত কোম্পানির ৭৪৭তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক বিটিসিএল, এমপিএল এবং পল্লী বিদ্যুৎ-এর কর্মকর্তা সম্পৃক্ত করে ২টি কমিটি গঠন করা হয়। ইতিমধ্যে সংশ্লিষ্ট কমিটির রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। যথাশীঘ্র নিলামে বিক্রয়ের বিষয়টি সদয় অনুমোদনের জন্য বোর্ড সভায় উপস্থাপন করা হবে। | হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ফিল্ডে বিদ্যমান এবং তিতাস-সি তে রাখা (ডিএলও-এর) সর্বমোট '৮টি পরিত্যক্ত টেলিকমিউনিকেশন টাওয়ার' এবং ব্রাহ্মণবাড়িয়াস্থ গোকর্ণ ঘাটে অবস্থিত '১টি অব্যবহৃত কনডেনসেট স্টোরেজ ট্যাংক' 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের বিষয়টি সদয় অনুমোদনের জন্য কমিটির রিপোর্ট ও সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী সকল প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) /(অর্থ ও হিসাব) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (তিতাস)/ (নরসিংদী)/ (হবিগঞ্জ)/ (স্থানীয় সংগ্রহ) |
| | | **গ) কামতা ফিল্ড:** সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভবনটি সংস্কারের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে টিজিটিডিএসএল কর্তৃক জানানো হয়েছে। | কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর পরিত্যক্ত ভবনটির সংস্কারের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপব্যবস্থাপক/ ইনচার্জ (কামতা) |
| | | **ঘ) ফেনী ফিল্ড:** সভাকে অবহিত করা হয় যে, ফেনী গ্যাস ফিল্ড সংক্রান্ত আন্তর্জাতিক মামলার রায় প্রাপ্ত হওয়ায় যথাশীঘ্র কোম্পানির নিজস্ব এ ফিল্ডটিতে উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। ফেনী ফিল্ডের সার্বিক অবস্থা সম্পর্কে অবহিত হওয়ার জন্য বিজিএফসিএল ইতোপূর্বে ১টি টেকনিক্যাল কমিটিসহ ২টি কমিটি গঠন করে। কমিটির রিপোর্ট অনুযায়ী ফিল্ডটির পুরাতন ১টি এবং নতুন ২টি লোকেশনে কূপ খনন ও ওয়ার্কওভার সম্পন্ন করে জাতীয় গ্রিডে দ্রুত গ্যাস সংযুক্ত করা সম্ভব। | বিজিএফসিএল নিজস্ব ফিল্ড ফেনী গ্যাস ফিল্ডের পুরাতন ১টি এবং নতুন ২টি লোকেশনে উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে আগ্রহী জানিয়ে পেট্রোবাংলার দিক নির্দেশনার জন্য পত্র প্রেরণ করতে হবে। | |
| ৪.০। | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন :** | | | |
| ৪.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে ৫টি উন্নয়ন প্রকল্প চলমান আছে। তন্মধ্যে, | | মহাব্যবস্থাপক (অপারেশন)/ |

| | | | |
|---|---|---|---|
| (ক) তিতাস-ই এবং জি তে কম্প্রেসর স্থাপন | তিতাস-ই এবং জি লোকেশনে ৬টি কম্প্রেসর স্থাপন সম্পন্ন শেষে বিজিএফসিএল ও ZICOM-এর ১ বছর মেয়াদী জয়েন্ট অপারেশন কার্যক্রম ১৭ নভেম্বর ২০২৫ হতে চলমান আছে। ZICOM আয়োজিতব্য ২টি বৈদেশিক প্রশিক্ষণ সিডিউল উপস্থাপন করা হয়েছে। এ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি প্রায় ৯৮%। | জয়েন্ট অপারেশন শেষে বিজিএফসিএল-এর জনবলকেই কম্প্রেসরসমূহের অপারেশন পরিচালনা করতে হবে বিধায় যৌথ অপারেশন, অনসাইট প্রশিক্ষণ এবং বৈদেশিক প্রশিক্ষণলব্ধ জ্ঞানের সমন্বয়ে কোম্পানির নিজস্ব দক্ষ জনবল গড়ে তুলতে হবে।<br><br>ZICOM উপস্থাপিত সিডিউল মোতাবেক যথাসময়ে বৈদেশিক প্রশিক্ষণ সুসম্পন্নের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (পিডি)/(টিএস) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| (খ) ৭টি কূপের ওয়ার্কওভার | বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভার কাজ ২২-৫-২০২৬ তারিখে শুরু হয়েছে। বাখরাবাদ ফিল্ডে ২টি কূপের ওয়ার্কওভার (বাখরাবাদ-৬ এবং ৭) সম্পন্নের পর মেঘনা-১ কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে রিগ ফাউন্ডেশনের সংস্কার কাজ ঠিকাদার কর্তৃক শুরু করা হয়েছে। এছাড়া, বাঞ্ছারামপুর দিয়ে সড়ক পথে অথবা মরিচাকান্দি দিয়ে নদী পথে মেঘনা ফিল্ডে রিগ পরিবহনের বিষয়ে বাপেক্স-এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সরেজমিনে পরিদর্শন করেছেন। | বাখরাবাদ-৬ ও ৭ কূপের ওয়ার্কওভার যথাসময়ে ও যথাযথভাবে সম্পন্নের লক্ষ্যে নিবিড় তত্ত্বাবধান অব্যাহত রাখতে হবে।<br><br>মেঘনা-১ কূপের রিগ ফাউন্ডেশন মডিফিকেশন কাজ দ্রুত সম্পাদনে তৎপর ও সচেষ্ট হতে হবে।<br><br>মেঘনা ফিল্ডে রিগ পরিবহন সংক্রান্ত বিষয়ে বাপেক্স-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| (গ) ২টি গভীর অনুসন্ধান কূপ খনন (তিতাস-৩১ ও বাখরাবাদ-১১) | ২টি গভীর অনুসন্ধান কূপ (তিতাস-৩১ এবং বাখরাবাদ-১১) খনন প্রকল্পের আওতায় তিতাস-৩১ কূপ খনন কাজ ১৯-৪-২০২৬ তারিখে পেট্রোবাংলার পরিচালক (অর্থ) মহোদয় কর্তৃক শুভ উদ্বোধন করা হয়। বাখরাবাদ-১১ কূপ খননের লক্ষ্যে অধিযাচনকৃত ভূমিতে রিটেইনিং ওয়াল নির্মাণ এবং রিগ ফাউন্ডেশনের জন্য সয়েল টেস্ট কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। | গভীর অনুসন্ধান কূপ তিতাস-৩১ এর খনন কাজ যথাসময়ে এবং যথাযথভাবে সম্পন্নে সচেষ্ট হতে হবে।<br><br>বাখরাবাদ-১১ কূপ খনন সংশ্লিষ্ট ভূমি উন্নয়ন কাজ যথাসময়ে ও যথাযথভাবে সম্পন্নের জন্য সচেষ্ট থাকতে হবে। | |
| (ঘ) হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ | বাপেক্স কর্তৃক পরিচালিতব্য হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের জন্য মাঠ পর্যায়ের কাজের লোকবল সংগ্রহের বিষয়ে আদালতের রায় পাওয়া গিয়েছে। আগামী জুন মাসের ১ম সপ্তাহের মধ্যে ৩-ডি সাইসমিক জরিপ কার্যক্রম শুরুর লক্ষ্যে জোর প্রচেষ্টা চালানো হচ্ছে। | বাপেক্স কর্তৃক পরিচালিতব্য হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডের ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের কার্যক্রম দ্রুত শুরু করার লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (ঙ) ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন | ( ঙ) ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের আওতায় তিতাস-২৮ কূপের খনন কাজ শেষ পর্যায়ে আছে। দ্রুত কূপটি থেকে গ্যাস উৎপাদন শুরু করা যাবে মর্মে আশা করা যাচ্ছে। এছাড়া, কামতা গ্যাস ফিল্ডে ১টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খননের কাজ ২০-০৫-২০২৬ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব অনিন্দ্য ইসলাম অমিত, এমপি মহোদয় কর্তৃক শুভ উদ্বোধন করা হয়েছে। কামতা ফিল্ডের জন্য দৈনিক ২০ এমএমসিএফ গ্যাস প্রসেসিং ক্ষমতাসম্পন্ন ১টি প্রসেস প্লান্ট সংগ্রহের লক্ষ্যে ব্যয় প্রাক্কলন, স্পেসিফিকেশন তৈরি এবং টেন্ডার ডকুমেন্ট প্রণয়নের কাজ চলমান আছে। ইতিমধ্যে বৈদেশিক কনসালটেন্ট নিয়োগের চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে। | মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের কাজ দ্রুত ও যথাযথভাবে সম্পাদনে অধিকতর তৎপর ও সচেষ্ট হতে হবে।<br><br>কামতা ফিল্ডের কূপ খনন কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করতে হবে।<br><br>কামতা ফিল্ডের জন্য দৈনিক ২০ এমএমসিএফ গ্যাস প্রসেসিং ক্ষমতাসম্পন্ন ১টি প্রসেস প্লান্ট সংগ্রহের লক্ষ্যে ব্যয় প্রাক্কলন, স্পেসিফিকেশন তৈরি এবং টেন্ডার ডকুমেন্ট প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | |
| ৪.২। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিজিএফসিএল-এর ৪টি প্রস্তাবিত প্রকল্প রয়েছে। তন্মধ্যে, | | |
| | | ( ক) তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| | | ( খ) তিতাস- ১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণের লক্ষ্যে প্রণীত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | তিতাস- ১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | (গ) তিতাস ও হবিগঞ্জ ফিল্ডের অন্তর্বর্তী ২৫৫ বর্গ কি:মি: এলাকায় ২-ডি সাইসমিক জরিপ কার্যক্রম বাপেক্স-এর মাধ্যমে এবং তিতাস ফিল্ডের উত্তর-পশ্চিম ও নরসিংদী ফিল্ডের উত্তর-পূর্বে ৬৩২ বর্গ কি:মি: এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ কাজ তৃতীয় পক্ষের মাধ্যমে সম্পাদনের নির্দেশনা পাওয়া যায়। তবে, উভয় জরিপ কাজ বাপেক্স কর্তৃক সম্পাদনে আগ্রহ প্রকাশ করা হয়েছে এবং এতে ব্যয় হ্রাস পাবে বলেও প্রতীয়মান। | তিতাস ও হবিগঞ্জ ফিল্ড এলাকায় ২-ডি সাইসমিক জরিপ এবং তিতাস ফিল্ডের উত্তর-পশ্চিম ও নরসিংদী ফিল্ডের উত্তর-পূর্ব এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ কার্যক্রম পরিচালনার জন্য পৃথকভাবে ব্যয়ের প্রাক্কলন বিজিএফসিএল-কে প্রদানের জন্য বাপেক্স বরাবর পত্র প্রেরণ করতে হবে। | |
| | | ( ঘ) তিতাস ফিল্ডে ৩টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (তিতাস-৩৪, ৩৫, ৩৬) খননের জন্য জুলাই' ২৬ হতে জুন'২৯ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদ এবং জিডিএফ অর্থায়ন বিবেচনায় একটি প্রকল্প গ্রহণের পরিকল্পনা করা হয়েছে। প্রকল্পের ডিপিপি প্রস্তুত করা হচ্ছে। প্রস্তুতকৃত ডিপিপি অনুমোদনের জন্য বোর্ডে উপস্থাপন করা হবে। | তিতাস-৩৪, ৩৫, ৩৬ কূপ খননের লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.৩। | প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের মাধ্যমে সরকারি অনুমোদন প্রাপ্ত Fire Plan বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ম্যাটেরিয়েলস্-এর তালিকা তৈরি, কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ব্যয় প্রাক্কলন করে মহাব্যবস্থাপকগণের সভায় পুনঃউপস্থাপন করা হচ্ছে।<br><br>এছাড়া, হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত নিয়োজিত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে Fire Plan এর খসড়া প্রণয়ন করছে। | কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য সরকারি অনুমোদন নেয়া Fire Plan অনুসরণ করে অগ্নি নিরাপত্তা ব্যবস্থা স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় ম্যাটেরিয়েলস্-এর তালিকা ও কর্মপরিকল্পনা তৈরি এবং ব্যয় পুনঃপ্রাক্কলন করে উপস্থাপন করতে হবে।<br><br>হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের তথ্য-উপাত্ত সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৪.৪। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, হবিগঞ্জ ফিল্ডের ECC সংগ্রহের শর্ত অনুযায়ী ETP স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। ETP স্থাপন সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। | হবিগঞ্জ ফিল্ডে ETP স্থাপনের জন্য ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (হবিগঞ্জ) |
| ৪.৫। | সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম: | | | |
| | সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS) | সভাকে অবহিত করা হয় যে, সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ ২০২৬-২৭ অর্থবছরে কোম্পানির কর্মক্ষেত্র ও সূচক প্রণয়ন করে জমা প্রদান করতে হবে।<br><br>সভাকে অবহিত করা হয় যে, ডি-নথি কার্যক্রমে বিজিএফসিএল-এর নথি নিষ্পত্তির হার ১০০% এ উন্নীত করার লক্ষ্যে আর্থিক বিষয়াবলী ডি-নথিতে সম্পাদনের উদ্যোগ চলমান আছে। | সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ ২০২৬-২৭ অর্থবছরে কোম্পানির কর্মক্ষেত্র ও সূচক বাস্তবভিত্তিকভাবে প্রণয়ন করে যথাসময়ে পেট্রোবাংলায় দাখিল করতে হবে।<br><br>ডি-নথির কার্যক্রম ১০০% এ উন্নীত করার লক্ষ্যে সকল প্রকার বিল ডি-নথিতে উপস্থাপন/ প্রক্রিয়া করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |
| **৫.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৫.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও পথস্বত্ব (ROW) সংরক্ষণ: | | | |
| | কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW-এর ৭-৮ ফুট জায়গায় স্থায়ী অবকাঠামো নির্মাণ করায় স্থানীয় একজন ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। | উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW সংরক্ষণে সচেতন ও তৎপর থাকতে হবে এবং দায়েরকৃত মামলার পরবর্তী অগ্রগতি সম্পর্কে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.২। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম এস্টেট বিভাগের নিয়মিত কাজ, যা চলমান আছে। ইতোমধ্যে কোম্পানির মোট ভূসম্পত্তির মধ্যে অফিস, ফিল্ড/স্থাপনা/ লোকেশনসমূহের ভুমির রেকর্ড আপ-টু-ডেট করা হয়েছে। নদী, রাস্তা, বাজার এলাকায় থাকা ভূমির রেকর্ড আপডেট করতে বিধি মোতাবেক কার্যব্যবস্থা চলমান আছে। | এ বিষয়ে পেট্রোবাংলার মাসিক পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুসরণ করতে হবে। যেমন: দক্ষ ভূমি ব্যবস্থাপনা গড়ে তুলতে হবে। কোম্পানির মোট জমির পরিমাণ, নামজারিকৃত জমির পরিমাণ, কার নামে নামজারি সম্পন্ন হয়েছে, অবৈধ দখলের পরিমাণ, ভূমি উন্নয়ন কর হালনাগাদ পরিশোধ আছে কিনা এবং ভূমি সংক্রান্ত বিদ্যমান সমস্যা সংশ্লিষ্ট সার্বিক তথ্য ছক আকারে উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |
| ৬.০। | **কোম্পানি সচিবালয় ডিভিশন :** | | | |
| ৬.১। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলার অবস্থা। | উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) সভাকে অবহিত করেন যে, মে’২৬ মাসে ব্রাহ্মণবাড়িয়া আদালতে ১টি ভূমি সংক্রান্ত মামলা দায়ের হয়। বর্তমানে কোম্পানির বিপক্ষে সর্বমোট ৪৩টি মামলা রয়েছে। মামলা নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত আছে। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে কোন মাসেই যেন মামলা নিষ্পত্তির সংখ্যা শূন্য না থাকে, এ বিষয়ে সচেষ্ট থাকতে হবে। | কোম্পানি সচিব/ উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) |
| ৭.০। | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |
| ৭.১। | ডাটা সংরক্ষণ এবং ক্রয়কৃত ও ব্যবহৃত সফটওয়্যার সংক্রান্ত | সভাকে অবহিত করা হয় যে, পেট্রোবাংলার ১৫১তম (এপ্রিল, ২০২৬) মাসিক পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক যাবতীয় গুরুত্বপূর্ণ, Classified and Confidential ডাটা বিডিসিএল-এর সুনির্দিষ্ট cloud -এ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে কোম্পানির গুরুত্বপূর্ণ, Classified and Confidential ডাটার সুনির্দিষ্ট ক্যাটাগরি এবং পরিমাণ (GB/TB) সহ একটি তালিকা প্রণয়ন করা প্রয়োজন।<br><br>এছাড়া, উক্ত সভায় ক্রয়কৃত ও বর্তমানে ব্যবহৃত সফটওয়্যারসমূহের তালিকা প্রণয়ন এবং সেগুলোর ব্যবহারযোগ্যতা ও কার্যকারিতা মূল্যায়ন এবং সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। | যাবতীয় গুরুত্বপূর্ণ ডাটা বিডিসিএল-এর সুনির্দিষ্ট cloud -এ সংরক্ষণের লক্ষ্যে কোম্পানির গুরুত্বপূর্ণ, Classified and Confidential ডাটার সুনির্দিষ্ট ক্যাটাগরি এবং পরিমান (GB/TB) সহ একটি তালিকা প্রণয়ন করতে হবে।<br><br>কোম্পানিতে ক্রয়কৃত ও বর্তমানে ব্যবহৃত সফটওয়্যারসমূহের তালিকা প্রণয়ন, সেগুলোর ব্যবহারযোগ্যতা ও কার্যকারিতা মূল্যায়ন এবং সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (মেইনটেন্যান্স ও আইসিটি) এবং উপমহাব্যবস্থাপক (আইসিটি) |
| ৮.০। | **প্রশাসন ডিভিশন:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮.১। | নিরাপত্তা | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে নিরাপত্তা পরিদর্শন জোরদার রয়েছে, সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা মনিটরিং করা হচ্ছে। উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) তার বিভাগে লোকবলের সংকটের বিষয়টির প্রতি সভার বিশেষ দৃষ্টি আকর্ষণ করেন। | কোম্পানির সার্বিক নিরাপত্তা জোরদার রাখতে পেট্রোবাংলার নির্দেশনা অনুসরণ করতে হবে। কেপিআইভূক্ত এলাকা এবং গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে কোনও ধরণের সভা, সমাবেশ ইত্যাদি করা যাবেনা, এটি যথাযথভাবে নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৮.২। | কোম্পানির চিকিৎসা সেবা | ডেপুটি চিফ মেডিক্যাল অফিসার সভাকে অবহিত করেন যে, বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় পরিচালিত হচ্ছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় পরিচালিত করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| ৮.৩। | নিয়োগ, পদোন্নতি ও প্রশিক্ষণ | সভাকে অবহিত করা হয় যে, এপ্রিল ও মে'২৬ মাসে প্রাপ্যতা অনুযায়ী ১জন কর্মকর্তা ও ৯৬জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে।<br><br>পেট্রোবাংলার অনুমোদিত সরাসরি কর্মচারী নিয়োগে প্রার্থী বাছাই নীতিমালা অনুসরণে বিজিএফসিএল-এর ১১তম-২০তম গ্রেডের বিভিন্ন পদে সরাসরি কর্মচারী নিয়োগে প্রার্থী বাছাই নীতিমালা, ২০২৫ এবং ৯ম-১০ম গ্রেডে কর্মকর্তা নিয়োগে কেন্দ্রীয়ভাবে প্রার্থী বাছাই নীতিমালা-২০২৩ কোম্পানিতে প্রবর্তন করা হয়েছে।<br><br>পেট্রোবাংলার পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক ড্রিলিং কাজ এবং ২-ডি ও ৩-ডি সাইসমিক জরিপ, ডাটা প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন সংক্রান্ত কার্যক্রমে হাতে-কলমে দক্ষতা অর্জনের মাধ্যমে একটি সক্ষম টিম গঠনের লক্ষ্যে চীনের একটি প্রতিষ্ঠানে প্রশিক্ষণের জন্য কোম্পানির ৫জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হয়েছে।<br><br>সর্বশেষ নিয়োগপ্রাপ্ত সহকারী ব্যবস্থাপকদের মধ্যে কিছু কর্মকর্তা ইতোমধ্যে পদত্যাগ করেছেন মর্মে সভাকে অবহিত করা হয়। | দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।<br><br>কোম্পানিতে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের বিষয়ে বোর্ডের নির্দেশনা মোতাবেক দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বিধি-বিধান অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি প্রদানের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>সর্বশেষ নিয়োগপ্রাপ্ত সহকারী ব্যবস্থাপকদের মধ্যে যারা পদত্যাগ করেছেন, তদ্স্থলে প্যানেল থেকে নিয়োগ প্রদানের জন্য পেট্রোবাংলা বরাবর চাহিদাপত্র প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮.৪। | বিভাগীয় মামলা পরিচালনা | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানিতে বর্তমানে কোনও বিভাগীয় মামলা চলমান নেই। | বিভাগীয় মামলা হলে তা পদ্ধতিগতভাবে দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| **৯.০।** | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |
| ৯.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভায় উল্লেখ করেন যে, ব্যয় সংক্রান্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র ইতোমধ্যে সকলকে বিতরণ করা হয়েছে। কোম্পানির সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ এবং কৃচ্ছতা সাধনে সকলকে সচেষ্ট থাকতে হবে।<br><br>জুলাই'২৬ হতে সকল প্রকার ব্যয়ের জন্য ডিভিশন/বিভাগ/ শাখাসমূহে নিজস্ব হিসাব রেজিস্টার সংরক্ষণ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |
| ৯.২। | নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি। | সভায় নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। সভাকে অবহিত করা হয় যে, নিরীক্ষা আপত্তিসমূহের ক্লাস্টার বা শ্রেণীবিন্যাস করা হয়েছে। দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে কোম্পানির নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত আছে। এ পর্যন্ত নিরীক্ষা আপত্তির জের ৯১টি। | কোম্পানির নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার সংখ্যা বাড়াতে হবে। কোনও মাসেই যেন নিরীক্ষা আপত্তির সংখ্যা শূন্য না থাকে, এ বিষয়ে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

সভার আলোচনাপর্বের শেষে জনাব মোঃ আবদুল করিম, উপমহাব্যবস্থাপক (ট্যাক্স এন্ড ইন্সুরেন্স) আগামী ৩১-৫-২০২৬ তারিখে অবসর গ্রহণ এবং অদ্যকার সমন্বয় সভায় তাঁর সর্বশেষ অংশগ্রহণ বিধায় সভাপতি, কোম্পানির মহাব্যবস্থাপকগণ ও অন্যান্য কর্মকর্তাগণ তাকে বিদায় সম্ভাষণ জানান। সভায় দীর্ঘ কর্মজীবনে কোম্পানিতে তাঁর অবদানের জন্য কৃতজ্ঞতা জানিয়ে সুস্থতা এবং প্রশান্তিময় অবসর জীবন কামনা করা হয়। পরিশেষে, সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রাখতে নিয়মনীতি অনুসরণ করে সকল কার্য সম্পাদনের পরামর্শ প্রদান করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
২৩ মে ২০২৬
৯ জ্যৈষ্ঠ ১৪৩৩

০৭-০৬-২০২৬
প্রকৌঃ মোঃ আব্দুল জলিল প্রামানিক
ব্যবস্থাপনা পরিচালক

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.৮৭৬.৪২.০০০৩.২৬.৬৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
৩। সকল উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়ক/ফিল্ড ইনচার্জ।
৪। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

০৭-০৬-২০২৬
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক